# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৯৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ প্রকাশ্য ও প্রকাশ্য সব ধরণের ফিতনা থেকে আশ্রয় চাওয়ার নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ بِالِاسْتِعَاذَةِ بِاللَّهِ جَلَّ وَعَلَا مِنَ الْفِتَنِ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ

আরবী

996 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنِ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: بَيْنَمَا نَحْنُ فِي حَائِطٍ لِبَنِي النَّجَّارِ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ عَلَى بَغْلَةٍ فَحَادَتْ بِهِ بَغْلَتُهُ فَإِذَا فِي الْحَائِطِ أَقْبُرٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ يَعْرِفُ هَؤُلَاءِ الْأَقْبُرَ؟ ) فَقَالَ رَجُلٌ: أَنَا يَا رَسُولَ اللَّهِ قَالَ: (مَا هُمْ؟ ) قَالَ: مَاتُوا فِي الشِّرْكِ قَالَ: (لَوْلَا أَنْ لَا تَدَافَنُوا لَدَعَوْتُ اللَّهَ أَنْ يُسْمِعَكُم عَذَابَ الْقَبْرِ الَّذِي أَسْمَعُ مِنْهُ إِنَّ هَذِهِ الْأُمَّةَ تُبتلى فِي قُبُورِهَا) ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا بِوَجْهِهِ فَقَالَ: (تَعَوَّذوا بِاللَّهِ مِنْ عَذَابِ النَّارِ وَعَذَابِ الْقَبْرِ وَتَعَوَّذُوا بِاللَّهِ مِنَ الْفِتَنِ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ تعوذوا بالله من فتنة الدجال)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 996 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৯৯৬. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা একবার বানু নাজ্জার গোত্রের একটি বাগানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে ছিলাম, এসময় তিনি একটি খচ্চরের উপর আরোহী ছিলেন, অতঃপর তাঁর খচ্চর তাঁকে নিয়ে চলছিল। এসময় বাগানে কিছু দেখা গেলো, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এই কবরগুলোকে কে চিনে?” তখন এক ব্যক্তি বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি চিনি।” তিনি বললেন, “ওদের অবস্থা কী?” জবাবে সে লোক বললো, “ওরা শিরক অবস্থায় মারা গেছে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যদি এই আশংকা না থাকতো যে, তোমরা পরস্পরকে দাফন করবে না, তবে আমি আল্লাহর কাছে দু'আ করতাম যেন তিনি তোমাদেরকে কবরের

আযাব শুনিয়ে দেন, যা আমি শুনতে পাচ্ছি! নিশ্চয়ই এই উম্মতকে কবরে পরীক্ষা করা হবে।” তারপর তিনি আমাদের মুখোমুখী হলেন এবং বললেন, “তোমরা আল্লাহর কাছে জাহান্নামের আযাব এবং কবরের আযাব থেকে পানাহ চাও, তোমরা আল্লাহর কাছে প্রকাশ্য ও অপ্রকাশ্য সব ধরণের ফিতনা থেকে আশ্রয় চাও, তোমরা দাজ্জালের ফিতনা থেকে আল্লাহর কাছে আশ্রয় চাও।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৯০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৬১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৮৫; সহীহ মুসলিম: ২৮৬৭; আত তাবারানী আল কাবীর: ৪৭৮৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৯৯৬ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89501

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন